মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ১৩-০৭-২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল এম শাহজাহান , বিএন, চেয়ারম্যান।
তারিখ : ১৩-০৭-২০২০ খ্রিঃ।
সময় : ১০.০০ ঘটিকা।
স্থান : মবক'র সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-
১। গত ০৭-০৬-২০২০ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।
২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১. | বাস / মিনিবাস / কোস্টার ক্রয় প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | ক) নন-এসি মিনিবাসের পরিবর্তে এসি মিনিবাস ক্রয়ের অনুমোদনের জন্য গত নৌপম এর স্মারক নং-৮৭, তারিখঃ ১৫/০৬/২০২০ এর মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>খ) কর্মচারীদের জন্য ৩টি বাস ক্রয়ের জন্য মন্ত্রণালয়ের চাহিত তথ্যসহ গত ০৭/০৭/২০২০ তারিখে মন্ত্রণালয়ে জবাব প্রেরণ করা হয়েছে।<br>পরিচালক (প্রশাসন) জানান যে, অর্থ মন্ত্রণালয়ের গত ০৮/০৭/২০২০ তারিখের পত্র অনুযায়ী ৩১ ডিসেম্বর পর্যন্ত সকল প্রকার যানবাহন ক্রয় বন্ধ থাকবে। | অর্থ মন্ত্রণালয়ের ০৮/০৭/২০২০ তারিখের পত্র অনুযায়ী ৩১ ডিসেম্বর পর্যন্ত যানবাহন ক্রয় বন্ধ থাকবে। সরকারি সিদ্ধান্ত অনুসারে পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে। | পরিচালক (প্রশাসন) |
| ২. | অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | ১) অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে একটি দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠানের বিষয়ে অডিট অধিদপ্তর, ঢাকায় জানুয়ারী ২০২০ খ্রিঃ কার্যপত্র প্রেরণ করা হয়েছে।<br>২। গত ১২-০৩-২০২০ তারিখে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভার কার্যবিবরণী গত ১৭-০৬-২০২০ তারিখে প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি মীমাংসা পত্র পাওয়া যায়নি।<br>প্রধান নিরীক্ষা কর্মকর্তা জানান যে,১৩ জুলাই ২০২০ তারিখে ১৫৮ নং স্মারকে নৌপম হতে ১৯৭১-৭২ সাল হতে ২০০৯-১০ সাল পর্যন্ত সকল সাধারণ আপত্তি (মামলা ব্যতিত) চূড়ান্ত নিষ্পত্তি হয়েছে মর্মে পত্র পাওয়া গেছে। | অডিট অধিদপ্তর, ঢাকার সাথে যোগাযোগ অব্যাহত রেখে অডিট আপত্তি নিষ্পত্তি তরান্বিত করতে হবে। সাধারণ আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত সরকারি পত্রের আলোকে ব্যবস্থা গ্রহণ করে অবশিষ্ট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| ৩. | মবক'র অফিস ও আবাসিক এলাকা ও জেটি এলাকা পরিস্কার পরিচ্ছন্নতা প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | পরিচালক প্রশাসন জানান যে,<br>ক) (i) একটি বড় ঘাস কাটা মেশিন ক্রয়ের জন্য হামিং মেশিনারিজ লিঃ, ঢাকাকে কার্যাদেশ প্রদান করা হলেও করোনার কারণে উক্ত প্রতিষ্ঠান মেশিন সরবরাহ করতে পারবেন না মর্মে লিখিতভাবে জানিয়েছেন। অন্য ছোট ০২টি মেশিন ক্রয়ের অনুমোদন পাওয়া গেছে। পরবর্তী কার্যক্রম চলমান।<br>(ii) এ বিষয়ে নিয়মিত তদারকিসহ আবাসিক এলাকা পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ চলমান রাখতে হবে। | (i) কার্যাদেশ বাতিল করে আরএফকিউ পদ্ধতিতে অন্য কোন প্রতিষ্ঠানের মাধ্যমে একটি বড় ঘাস কাটা মেশিন এবং অন্য ০২টি ছোট মেশিন ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ii) আবাসিক এলাকার গঠিত কমিটি আবাসিক এলাকা পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ তদারকি অব্যাহত রাখবেন। | পরিচালক (প্রশাসন)<br>পরিচালক (প্রশাসন)/ আবাসিকের গঠিত কমিটি, |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | (iii) খুলনাতে ড্রেনের কাজ সম্পন্ন করা এবং বাংলো পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে আলোচনা করা হয়। প্রধান প্রকৌশলী (সি/হা) জানান যে,করোনার কারণে ড্রেনের কাজ সাময়িক বন্ধ আছে। পরিচালক (প্রশাসন) জানান যে, খুলনার আবাসিক এলাকার প্রধান প্রকৌশলী (মেরিন) এবং হারবার মাস্টারের বাংলোর জন্য ২জন দৈনিক মজুরী ভিত্তিক শ্রমিক অস্থায়ীভাবে নিয়োগ করা হয়েছে। | (iii) খুলনাতে ড্রেনের কাজ সম্পন্ন করতে হবে এবং আবাসিক এলাকাসহ বাংলোগুলির পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। | প্রধান প্রকৌঃ (সিঃওহাঃ) |
| | | | খ) জেটি এলাকার পরিষ্কার-পরিচ্ছন্ন কাজ মনিটরিং করার জন্য সহকারী ট্রাফিক ম্যানেজারকে দায়িত্ব দেয়া হয়েছে মর্মে পরিচালক ট্রাফিক সভাকে অবহিত করেন এবং ঠিকাদার নিয়োগের মাধ্যমে জেটি এলাকা পরিষ্কার রাখার বিষয়ে তিনি মতামত ব্যক্ত করেন। | খ) জেটির ভিতরে বাহিরে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। | পরিচালক (ট্রাফিক) |
| | | | বিস্তারিত আলোচনান্তে জেটির ভিতরে ক্রেন ও বিভিন্ন ইকুপমেন্টসমূহ যান্ত্রিক ও তড়িৎ বিভাগের নিজস্ব জনবল দ্বারা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং খুলনা ও মোংলার আবাসিক এলাকা/অফিস এলাকা/জেটি এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পন্ন করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ঠিকাদার নিয়োগের মাধ্যমে খুলনা ও মোংলার আবাসিক এলাকা/অফিস এলাকা/জেটি এলাকা পরিষ্কার পরিচ্ছন্নতার ব্যবস্থা নিতে হবে।<br>জেটির ভিতরে ক্রেন ও বিভিন্ন ইকুপমেন্টসমূহ যান্ত্রিক ও তড়িৎ বিভাগের নিজস্ব জনবল দ্বারা নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন)<br>প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) |
| ৪. | পরিত্যক্ত ভবনের তালিকা প্রস্তুত প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | পরিচালক (প্রশাসন) সভাকে জানান যে, ২৭৪তম বোর্ড সভায় পুরাতন মোংলার পরিত্যক্ত ভবনের সংরক্ষিত মূল্য অনুমোদন পাওয়া গেছে। নিলামের জন্য প্রক্রিয়া শুরু করা হবে। যথাযথ পদ্ধতি অনুসরণ করে লট ভিত্তিক নিলাম এবং নিলামের পরে খালি জায়গা যেন বেদখল না হয় সে দিকে লক্ষ্য রাখতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। এছাড়া এলওসিভুক্ত এলাকার নিলাম পরে বাস্তবায়নের বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। | লট ভিত্তিক নিলামের ব্যবস্থা নিতে হবে। এলওসিভুক্ত এলাকার নিলাম পরে বাস্তবায়ন করতে হবে। | পরিচালক প্রশাসন/ সচিব (বোওজস)/ প্রধান প্রকৌশলী (সি/হা) |
| ৫. | ঢাকাস্থ মবক'র লিঁয়াজো অফিস কাম- রেস্ট হাউজের ফ্লাট/ফ্লোর ক্রয় সংক্রান্ত | ১২/০৯/২০১৯ | পরিচালক (প্রশাসন) সভাকে জানান যে গত ২৩-০৪-২০২০ তারিখে সদস্য (প্রকৌশল ও উন্নয়ন) মহোদয় কে আহবায়ক করে কমিটি গঠন করা হয়েছে। কমিটির ১২/০৭/২০২০ তারিখে সভা করার দিন ধার্য ছিল কিন্তু অনিবার্য কারনে সভা করা যায়নি- শীঘ্রই সভা করে ফ্লাট/ফ্লোর/জমি ক্রয়ের পদক্ষেপ গ্রহণ করা হবে। তিনি জানান যে, মবক'র নামে ঢাকায় ১০ কাঠা জমি বরাদ্দের বিষয়ে মবক'র প্রস্তাবের প্রেক্ষিতে নৌপম গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়ে পত্র দিয়েছে। এ বিষয়ে সার্বক্ষনিক যোগাযোগ রাখা এবং ফ্লাট/ফ্লোর/জমি ক্রয় কাজ তরান্বিত করতে সভাপতি মহোদয় কমিটিকে অনুরোধ করেন। | ঢাকায় ১০ কাঠা জমি বরাদ্দের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়ে যোগাযোগ রাখতে হবে এবং গঠিত কমিটি কর্তৃক ফ্লাট/ফ্লোর/জমি ক্রয়ের কাজ চলমান রাখতে হবে। | সদস্য (প্রকৌশল ও উন্নয়ন)/ পরিচালক (প্রশাসন) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ৬. | পারিজাতের পিছনে নদী ভাঙ্গান প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) জানান যে,পারিজাতের পিছনে নদী ভাঙ্গান রোধে পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে এবং পানি উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ অব্যাহত আছে। আগামী সভায় বাস্তব অগ্রগতি সম্পর্কে অবহিত করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | পানি উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং আগামী সভায় অগ্রগতি জানাতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ৭. | গাড়ীর সাংগঠনিক কাঠামো টিওএন্ডই তে অন্তর্ভুক্ত প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | পরিচালক (প্রশাসন) জানান যে,গাড়ীর সাংগঠনিক কাঠামো তৈরির জন্য সকল বিভাগ হতে গাড়ীর চাহিদা সংগ্রহ করে বোর্ড সভায় কার্যপত্র প্রদানের বিষয়ে নথি উপস্থাপন করা হয়েছে। তবে বতমানে জনবল এবং গাড়ির প্রাধিকার অনুযায়ী সাংগঠনিক কাঠামো সংশোধনের উদ্যোগ গ্রহণ করায় পরিবর্তিত কাঠামোর সাথে মিল রেখে গাড়ির সাংগঠনিক কাঠামো টিওএন্ডই তে অন্তর্ভুক্ত করা প্রয়োজন।<br>এ প্রেক্ষিতে প্রাধিকার অনুযায়ী গাড়ির সাংগঠনিক কাঠামো টিওএন্ডই তে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | প্রাধিকার অনুযায়ী গাড়ির সাংগঠনিক কাঠামো টিওএন্ডই তে অন্তর্ভুক্ত করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৮. | মবক'র বন্দর আবাসিক এলাকায় শিশু পার্ক তৈরী প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | প্রধান প্রকৌশলী (সি/হা) জানান যে করোনার কারণে শিশু পার্কের কাজ বর্তমানে বন্ধ আছে। পরিস্থিতি স্বাভাবিক হলে কাজ শুরু করা হবে। এ বিষয়ে নৌবাহিনীর আবাসিক এলাকায় তৈরিকৃত শিশু পার্ক পরিদর্শন করে মবক এর আবসিক এলাকায় নির্মিতব্য শিশু পার্কের 3d presentation দিতে হবে। | আগামী সপ্তাহের মধ্যে শিশু পার্কের 3d presentation তৈরি করে চেয়ারম্যান মহোদয়কে প্রদর্শন করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ৯. | মবক'র পাইলটদের ইউনিফর্ম পরিধান প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | হারবার মাস্টার সভাকে অবহিত করেন যে,মবক'র পাইলটদের প্রস্তাবিত সাজ / পোষাক প্রদান নীতিমালা ২৭৪তম বোর্ড সভায় অনুমোদিত হয়েছে যা মন্ত্রণালয়ে প্রেরণের কাজ প্রক্রিয়াধীন। | মবক'র পাইলটদের প্রস্তাবিত সাজ / পোষাক প্রদান নীতিমালা অনুমোদনের জন্য নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | হারবার মাস্টার |
| ১০. | মবকতে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান প্রসঙ্গে। | ১১/১২/২০১৯ | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) জানান যে, ড্রেজিং মাটি দিয়ে সুবিধামত সময়ে খেলার মাঠ ভরাট করা হবে। | ড্রেজিং মাটি দিয়ে খেলার মাঠ ভরাট করে মাঠ খেলার উপযোগী রাখতে হবে। | প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ১১. | মোংলা থানা, পুলিশ ফাঁড়ি, ওসি বাংলো, ইমিগ্রেশন অফিস এবং জেটি মেইন গেইট এ ব্যবহৃত মবক'র বকেয়া বিদ্যুৎ বিল প্রসঙ্গে। | ১৯/১০/২০১৯ | উপ-প্রধান প্রকৌশলী (যা:ত:) জানান যে দুই মাসের মধ্যে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়ে মোংলা থানা, পুলিশ ফাঁড়ি, ওসি বাংলো, ইমিগ্রেশন অফিস এবং জেটি মেইন গেইট এর সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করা হয়েছে এবং ইতোমধ্যে মোংলা থানা এবং ওসি বাংলো এর বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। দুই মাস অতিবাহিত হবার পর অবশিষ্ট বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নের ব্যবস্থা গ্রহণ করা হবে। বকেয়া বিদ্যুৎ ও পানির বিল আদায়ের জন্য যান্ত্রিক ও তড়িৎ বিভাগ থেকে গত ০৪-০৫-২০২০ তারিখে চূড়ান্ত তাগিদপত্র মোংলা থানায় প্রেরণ করা হয়েছে। তিনি জানান যে, মোট বকেয়ার পরিমান-৪৫,৩৪,৯৬৪/- টাকা মাত্র। উক্ত বকেয়ার মধ্যে ১,৮৯,০০০/- টাকা বিদ্যুৎ বিল পরিশোধের নিমিত্তে মোংলা থানা কর্তৃক মবক'কে পরিশোধের জন্য প্রস্তুত করা হয়েছে মর্মে জানা গেছে। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় বকেয়া বিল আদায়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ অব্যাহত রাখা এবং বকেয়া পরিশোধে ব্যর্থ হলে সংযোগ বিচ্ছিন্ন করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | বকেয়া বিল আদায়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং বিল পরিশোধ করা না হলে পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী সংযোগ বিচ্ছিন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) এবং প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা |

| ক্রমিক | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১২. | ঘূর্ণিঝড় বুলবুল এর আঘাতে উপড়ে পড়া গাছের সংখ্যা ও পরবর্তী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে। | ২৪/০২/২০২০ | পরিচালক (প্রশাসন) জানান যে, ঘূর্ণিঝড় বুলবুল এর আঘাতে উপড়ে পড়া গাছ বিক্রয়ের জন্য ০২ বার নিলাম বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। কাঙ্খিত দর না পাওয়ায় তৃতীয় বারের মত নিলাম বিজ্ঞপ্তি জারির উদ্যোগ নেওয়া হচ্ছে। এ প্রসংগে সভাপতি মহোদয় নিলাম বিজ্ঞপ্তি ব্যাপকভাবে প্রচারের অনুরোধ জানান এবং তৃতীয় বার নিলাম ডাকে গাছ বিক্রয় করা সম্ভব না হলে বিভিন্ন জায়গা হতে গাছগুলি এক স্থানে একত্রিত করে নীতিমালা অনুযায়ী গাছ বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন। | নিলাম বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তৃতীয় নিলাম ডাকে কাঙ্খিত দর পাওয়া না গেলে পরবর্তী নিলাম ডাকের পূর্বে বিভিন্ন জায়গা হতে গাছগুলি এক স্থানে একত্রিত করে সংরক্ষণ করতে হবে এবং নীতিমালা অনুযায়ী গাছ বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১৩. | মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা বিষয়ে আলোচনা | ২৪/০২/২০২০ | পরিচালক প্রশাসন জানান যে, মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের জায়গা চেয়ারম্যান মহোদয়, সকল সদস্য ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ সম্প্রতি পরিদর্শন করেছেন। তিনি বলেন যে, টার্মিনাল পরিচালনার জন্য খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়েছে যা মেয়র, মোংলা পৌরসভার সাথে আলোচনা করে যৌথ চুক্তি সম্পাদনের অপেক্ষায় আছে। তিনি আরও জানান যে, ১৬/০৭/২০২০ তারিখে ট্রাক ট্রার্মিনাল সম্পর্কে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে ব্রিফিং সভা হবে এবং ২০/০৭/২০২০ তারিখে মবক এবং মোংলা পোর্ট পৌরসভা ট্রাক ট্রার্মিনাল পরিচালনা নীতিমালা ও ০৫.০০ একর জমি হস্তান্তর বিষয়ে সভা অনুষ্ঠিত হবে। সভাপতি মহোদয় ট্রাক টার্মিনাল নীতিমালা চূড়ান্তকরণ এবং টার্মিনালের জায়গা বুঝে দেওয়াসহ চুক্তি মোতাবেক মবক এর পাওয়া আদায় নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করেন। এছাড়া ট্রাক টার্মিনালের স্থাপনাসমূহ লেআউট প্লান অনুযায়ী করা হচ্ছে কিনা তা যাচাই করতে প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) কে সভাপতি মহোদয় অনুরোধ করেন। | নীতিমালাটি পর্যালোচনা করতে প্রশাসন বিভাগ হতে চেয়ারম্যান মহোদয়কে একটি প্রেজেন্টেশন দিতে হবে এবং উভয় পক্ষের সম্মতিতে ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা চূড়ান্ত করতে হবে। এছাড়া চুক্তি অনুযায়ী মবক এর পাওনা আদায় তরান্বিত করতে হবে। ট্রাক টার্মিনালের স্থাপনাসমূহ লেআউট প্লান অনুযায়ী করা হচ্ছে কিনা প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ)তা যাচাই করে আগামী সভায় উপস্থাপন করবেন। | পরিচালক (প্রশাসন)/ প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ১৪. | লেডি ডাক্তার নিয়োগ প্রসঙ্গে। | ২৪/০২/২০২০ | প্রধান চিকিৎসা কর্মকর্তা জানান যে, ২৭৪তম বোর্ড সভায় লেডি ডাক্তার নিয়োগের বিষয়ে অনুমোদন পাওয়া গেছে। পরবর্তী কার্যক্রম চলমান। মবক'র ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে আগামী সমন্বয় সভার পূর্বে লেডি ডাক্তার নিয়োগ সম্পন্ন করতে হবে মর্মে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | মবক'র ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে আগামী সমন্বয় সভার পূর্বে লেডি ডাক্তার নিয়োগ করতে হবে। | প্রধান চিকিৎসা কর্মকর্তা |
| ১৫. | কন্টেইনার হ্যান্ডলিং প্রকল্প এবং নিরাপত্তা বিভাগের লোক নিয়োগ প্রসঙ্গে। | ২৪/০২/২০২০ | পরিচালক প্রশাসন জানান যে,২৭৪তম বোর্ড সভায় মবক এর প্রবিধানমালায় উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা এসএসসি'র ক্ষেত্রে জিপিএ ৩.৫ এবং এইচএসসি'র ক্ষেত্রে জিপিএ ৩.০০ উল্লেখ করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ এবং সোনালী ব্যাংকের On line সেবা Sonali Payment Gateway এর মাধ্যমে নিয়োগের ফিস গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ প্রেক্ষিতে ফিস আদায় সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সোনালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের নিকট শীঘ্রই পত্র প্রেরণ করা হবে। সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে জরুরি নিয়োগ বিজ্ঞপ্তি জারী এবং পূর্বে যে সকল পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে আবেদন গ্রহণ করা হয়েছে সে সকল পদে নিয়োগ কার্যক্রম দ্রুত শুরু করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | কন্টেইনার হ্যান্ডলিং প্রকল্প এবং নিরাপত্তা বিভাগসহ সকল বিভাগের শূণ্য পদে জরুরি নিয়োগ বিজ্ঞপ্তি জারী করতে হবে এবং ইতোমধ্যে যে সব বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে সে সব পদে নিয়োগ কার্যক্রম শুরু করতে হবে। | পরিচালক প্রশাসন |

| ক্রমিক | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১৬. | মবক কর্তৃক আমদানিকৃত Dredger and Ancillary Craft with other Accessories এর অনুকূলে শুল্ক বিভাগের আউটপাস, বিল অব এন্ট্রি ও শিপিং এজেন্টের ডেলিভারি অর্ডার (ডিও) দাখিল প্রসংগে। | ২২/০৩/২০২০ | পরিচালক (ট্রাফিক) জানান যে,মালামালগুলো ইতোমধ্যে ট্রাফিক বিভাগ থেকে মেরিন বিভাগে নিয়ে যাওয়া হয়েছে এবং কাস্টমস হতে গেটপাস নেয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। জরুরিভাবে প্রক্রিয়া শেষ করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | নৌ প্রকৌশল বিভাগ, ট্রাফিক বিভাগ এবং সিভিল ও হাইড্রোলিক্স বিভাগের সাথে সমন্বয় করে ব্যবস্থা নিতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) ও পরিচালক (ট্রাফিক) |
| ১৭. | স্থায়ী বন্দর জেটি সংরক্ষিত এলাকায় মালামালের অধিকতর নিরাপত্তা নিশ্চিতকল্পে CCTV ক্যামেরা স্থাপন ও ইতোমধ্যে স্থাপিত CCTV ক্যামেরা (PTZ) সমূহে ট্রাফিক বিভাগের কর্মকর্তাদের Access প্রদান প্রসংগে। | ২২/০৩/২০২০ | প্রধান নিরাপত্তা কর্মকর্তা জানান যে, ট্রাফিক বিভাগের শেডসমূহে সিসিটিভি দেখার জন্য ট্রাফিক বিভাগকে ইতোমধ্যে access দেওয়া হয়েছে। এছাড়া তিনি বলেন যে, নেটের স্পীড কম হওয়ায় মনিটরিংয়ে সমস্যা হচ্ছে বিধায় স্পীড বৃদ্ধি করা প্রয়োজন। এ প্রেক্ষিতে সভাপতি মহোদয় নিরাপত্তা বিভাগের সিসি ক্যামেরাসমূহের স্পীড বৃদ্ধির জন্য যান্ত্রিক ও তড়িৎ বিভাগকে ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন। পরিচালক ট্রাফিক জানান যে, দুটি ক্যামেরা নষ্ট বিধায় কার্যক্রম ব্যাহত হচ্ছে। উক্ত নষ্ট ক্যামেরাগুলো অপসারণ করে নতুন ক্যামেরা স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্রাফিক বিভাগের শেডসমূহে সিসিটিভি দেখার জন্য মনিটরের ব্যবস্থাসহ নষ্ট ক্যামেরাসমূহ দ্রুত অপসারণ করে নতুন ক্যামেরা স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সিসিটিভি এর লোকাল নেটওয়ার্ক এর গতি বাড়ানোর ব্যবস্থা নিতে হবে এবং পৃথক সংযোগের ব্যবস্থা নিতে হবে। | যান্ত্রিক ও তড়িৎ এবং নিরাপত্তা বিভাগ |
| ১৮. | ট্রাফিক বিভাগের জনবল নিয়োগ প্রসঙ্গে | ২২/০৩/২০২০ | পরিচালক প্রশাসন জানান যে, ২ ধাপে মোট ২১ জন কে নিজ নিজ বিভাগে বদলী করা হয়েছে এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণকে পর্যায়ক্রমে স্ব স্ব বিভাগে বদলীর পদক্ষেপ গ্রহণ করা হবে। পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের জন্য বদলীর ক্ষেত্রে সকলের জন্য একই নিয়ম অনুসরণ করতে সিবিএ এর সভাপতি অনুরোধ জানান। দীর্ঘদিনের সমস্যা একবারে সমাধান না করে পর্যায়ক্রমে সমাধান করা এবং ধাপে ধাপে বদলী প্রক্রিয়া শেষ করার জন্য চেয়ারম্যান মহোদয় নির্দেশনা প্রদান করেন। তিনি ইতোমধ্যে বদলীকৃত পদে যোগদান নিশ্চিত করতে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। | পদোন্নতি প্রাপ্ত ও বদলীকৃত পদে যোগদান নিশ্চিত করতে হবে এবং পর্যায়ক্রমে স্ব স্ব বিভাগে বদলী প্রক্রিয়া শেষ করতে হবে। | পরিচালক (প্রশাসন) / সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |

| ক্রমিক | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১৯. | মামলা সংক্রান্ত | ২২/০৩/২০২০ | পরিচালক প্রশাসন জানান যে,জুন ২০২০ পর্যন্ত মবক সংশ্লিষ্ট মামলার সংখ্যা ১৭৮ টি এবং বর্তমানে আদালতের স্বাভাবিক কার্যক্রম বন্ধ আছে। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় সংশ্লিষ্ট বিজ্ঞ আইনজীবীর সাথে যোগাযোগ রেখে মামলার রায় যাতে মবক এর অনুকূলে হয় সে পদক্ষেপ গ্রহণ এবং বিজ্ঞ আইনজীবীগণ যেন প্রাপ্য বিল প্রতি বছর দাখিল করেন সে বিষয়ে প্যানেলভুক্ত সকল আইনজীবীকে অবহিত করতে অনুরোধ করেন। | মবক এর বিজ্ঞ আইনজীবীর সাথে যোগাযোগ রাখতে হবে এবং প্রাপ্য বিল প্রতি বছর দাখিল/পরিশোধের বিষয়ে প্যানেলভুক্ত সকল আইনজীবীকে অবহিত করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ২০. | বসুন্ধরার জেটি ব্যবহারের বিষয়ে ট্যারিফ আদায় প্রসঙ্গে। | ২২/০৩/২০২০ | প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা জানান যে,বসুন্ধরার জেটি ব্যবহারের বিষয়ে ট্যারিফ আদায়ের জন্য গত ৩১-০৫-২০২০ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | বসুন্ধরার জেটি ব্যবহারের ট্যারিফ আদায়ের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ২১. | খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনার জন্য নীতিমালা প্রণয়ন প্রসঙ্গে। | ২২/০৩/২০২০ | খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনার বিষয়ে প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) কে আহবায়ক করে গঠিত কমিটির প্রতিবেদনের খসড়া প্রস্তুত করা হয়েছে মর্মে কমিটির আহবায়ক সভাকে অবহিত করেন। আগামী সভার পূর্বে কমিটির প্রতিবেদন দাখিল নিশ্চিত করতে সভাপতি মহোদয় অনুরোধ করেন। | আগামী সমন্বয় সভার পূর্বে প্রতিবেদন দাখিল করতে হবে। | প্রকৌশ (সিঃওহাঃ) |
| ২২. | অবৈধ দখলদার উচ্ছেদ | ২২/০৩/২০২০ | পরিচালক প্রশাসন জানান যে,উচ্ছেদের বিষয়টি মবক এর সীমানা সংক্রান্ত হওয়ায় সিমানা নির্ধারণের জন্য জেলা প্রশাসক, বাগেরহাট এর নিকট ২৫/০৬/২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে এবং সার্ভেয়ার প্রেরণের বিষয়ে সহকারী কমিশনার (ভূমি),মোংলার সাথে যোগাযোগ করা হয়েছে। মবক এর জায়গা যেন বেদখল না হয় সেদিকে নজর রাখা এবং অবৈধ উচ্ছেদ কাজ তরান্বিত করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | মবক এর জায়গা যেন বেদখল না হয় সেদিকে নজর রাখতে হবে এবং অবৈধ উচ্ছেদ কাজ ত্বরান্বিত করতে জেলা প্রশাসন বাগেরহাট এর সাথে যোগাযোগ করতে হবে। | পরিচালক (প্রশাসন), প্রধান নিরাপত্তা কর্মকর্তা ও প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ২৩. | মবক'র বিভিন্ন বিভাগের জন্য কম্পিউটার, প্রিন্টারসহ আনুষঙ্গিক মালামাল সংগ্রহের আর্থিক সংস্থান প্রসঙ্গে | ০৭/০৫/২০২০ | কোন বিভাগে কতটি কম্পিউটার সচল এবং কতটি অচল আছে তা যাচাইয়ের জন্য গঠিত কমিটির আহবায়ক পরিচালক প্রশাসন সভায় একটি প্রতিবেদন উপস্থাপন করেন। প্রতিবেদনে দেখা যায় মোট ডেক্সটপের সংখ্যা ২০৫টি, ল্যাপটপ ২১ টি। এর মধ্যে সচল ডেক্সটপ ১৯৮টি, অচল ২৮টি । বিভিন্ন বিভাগ থেকে নতুন ক্রয়ের জন্য চাহিদা দেয়া হয়েছে ৩৬ টি। সকল বিভাগ হতে ই নথির User ID সংখ্যা পাওয়া যায়নি মর্মে প্রতিবেদনে দেখা যায়। প্রতিবেদন পর্যালোচনা করে আগামী সভার পূর্বে সকল বিভাগের User ID সংগ্রহ করে User ID ভিত্তিক চাহিদা এবং User ID এর অতিরিক্ত কম্পিউটার প্রয়োজন হলে তার যৌক্তিকতা উল্লেখ করে পূর্ণাঙ্গ প্রতিবেদন চেয়ারম্যান বরাবর দাখিলের জন্য সভাপতি মহোদয় কমিটির আহবায়ককে অনুরোধ করেন। | সকল বিভাগের User ID সংগ্রহ করে আগামী সভার পূর্বে পূর্ণাঙ্গ প্রতিবেদন পেশ করতে হবে। | গঠিত কমিটি/ সকল বিভাগীয়/ কোষ প্রধান |

| ক্রমিক | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ২৪. | করোনাকালীন কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের ঝুঁকিভাতা প্রদান প্রসঙ্গে। | ০৭/০৫/২০২০ | পরিচালক (প্রশাসন) জানান যে, করোনাকালীন কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের ঝুঁকিভাতা প্রদান বিষয়টি মবক'র ২৭৪তম বোর্ড সভায় অনুমোদিত হয়েছে। মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য দ্রুত প্রেরণ করতে হবে মর্মে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য দ্রুত পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ২৫. | কর্মকর্তা ও কর্মচারীদের সুলভ মূল্যে গ্যাস সরবরাহ প্রসঙ্গে। | ০৭/০৫/২০২০ | পরিচালক (প্রশাসন) জানান যে,সুলভ মূল্যে গ্যাস সরবরাহের বিষয়ে বসুন্ধরা ও যমুনা এলপিজি ছাড়া অন্যান্য গ্যাস কোম্পানীর প্রতিনিধির সাথে মুঠোফোনো আলাপ হয়েছে এবং ই-মেইল এ পূর্বে প্রেরিত পত্রের কপি প্রেরণ করা হয়েছে। সুলভ মূল্যে গ্যাস সরবরাহের জন্য গ্যাস কোম্পানীর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে সভাপতি মহোদয় সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। | কোম্পানীগুলোর সাথে যোগাযোগ করে দ্রুত গ্যাস সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | শ্রম-কল্যাণ কর্মকর্তা (প্রশাসন বিভাগ) |
| ২৬. | সিবিএ ভবনের জন্য আসবাবপত্র ক্রয় ও সরবরাহ প্রসঙ্গে। | ০৭/০৫/২০২০ | সিবিএ এর সভাপতি জানান যে, সিবিএ ভবনের আসবাবপত্র পুরাতন ও নষ্ট বিধায় জরুরি কিছু আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। সিবিএ ভবন পরিদর্শন করে প্রয়োজনীয়তা বিবেচনা করে ভবন সংস্কারের পূর্বে প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহের কার্যক্রম গ্রহণের জন্য আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সিবিএ ভবন পরিদর্শন করে ভবন সংস্কার কাজ সমাপ্ত হওয়ার আগে আসবাবপত্র সরবরাহের উদ্যোগ গ্রহণ করতে হবে যাতে ভবন সংস্কার হওয়া মাত্র আসবাবপত্র ব্যবহার করা যায়। | পরিচালক (প্রশাসন) ও প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ২৭. | মোংলাস্থ মাধবী আবাসিক এলাকা ও খুলনাস্থ আবাসিক এলাকার ফ্যামিলি ব্যারাকে পানির ট্যাংকি স্থাপন প্রসঙ্গে। | ০৭-০৬-২০২০ | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) জানান যে, মোংলাস্থ মাধবী এলাকায় এবং খুলনাস্থ আবাসিক এলাকার ব্যারাকে পানির ট্যাংকি স্থাপনের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যথাযথভাবে প্রাক্কলন করে পানির ট্যাংকি সরবরাহের জন্য সভাপতি মহোদয় প্রধান প্রকৌশলী (সি:/হা) কে অনুরোধ জানান। | পানির ট্যাংকি স্থাপনের ব্যবস্থা নিতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ২৮. | ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের পোষাক-পরিচ্ছদ প্রসঙ্গে। | ০৭-০৬-২০২০ | পরিচালক (প্রশাসন) জানান যে, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের পোষাক-পরিচ্ছদ সরবরাহ সংক্রান্ত সিবিএ এর আবেদনের বিষয়টি বোর্ড সভায় অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। পরবর্তী বোর্ড সভায় কার্যপত্র উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | পরবর্তী বোর্ড সভায় কার্যপত্র উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে | পরিচালক (প্রশাসন) |
| ২৯. | সরকারি নিয়ম অনুযায়ী গৃহ নির্মাণ ঋন প্রদান সংক্রান্ত। | ০৭-০৬-২০২০ | পরিচালক (প্রশাসন) জানান যে, মবক এর প্রস্তাবিত গৃহ নির্মাণ ঋণ নীতিমালা সরকারি নীতিমালার সাথে যাচাই করে মতামতসহ প্রেরণের জন্য নৌপম হতে ০১/০৭/২০২০ তারিখে অনুরোধ করা হয়েছে। পূর্বে গঠিত কমিটি যাচাই করে প্রতিবেদন দাখিল করবেন মর্মে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ গঠিত কমিটি |
| ৩০. | মবক'র নৌ প্রকৌশল বিভাগে নৌ ওয়ার্কশপের কর্মচারীদের জন্য রেইন কোট ও সেফটি সু প্রদান প্রসঙ্গে। | ১৩/০৭/২০২০ | মবক'র নৌ প্রকৌশল বিভাগের নৌ ওয়ার্কশপে কর্মরত কর্মচারীদের জন্য প্রয়োজনীয় সংখ্যাক রেইন কোট ও সেফটি সু প্রদানের নিমিত্তে যথাযথ কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে প্রধান প্রকৌশলী (নৌ) সভায় অবহিত করেন। | সংশ্লিষ্ট বিভাগ হতে চাহিদা প্রণয়ন করে ব্যবস্থা নিতে হবে। | প্রধান প্রকৌশলী (নৌ) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ৩১. | মবক'র খুলনাস্থ আবাসিক এলাকায় ০৪ (চার) টি ফ্যামিলি ব্যারাকে সিলিং স্থাপন প্রসঙ্গে। | ১৩/০৭/২০২০ | মবক'র খুলনাস্থ আবাসিক এলাকায় ০৪ (চার) টি ফ্যামিলি ব্যারাকের রুমে সিলিং স্থাপন পূর্ব থেকে আছে মর্মে সভায় আলোচনা হয়। এ কারণে শুধুমাত্র বারান্দায় সিলিং স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | খুলনাস্থ ফ্যামিলি ব্যারাকের বারান্দায় পিচ বোর্ড দিয়ে সিলিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ৩২. | মবক'র খুলনাস্থ ট্রাফিক বিভাগে অধীনস্ত পোর্ট ডিউজ শাখাটি হারবার এন্ড কঞ্জারভেন্সী বিভাগের অধীনে ন্যস্ত করা। | ১৩/০৭/২০২০ | হারবার মাস্টার সভায় জানান যে, খুলনাস্থ পোটর্ ডিউজ শাখাটি হারবার এন্ড কঞ্জারভেন্সী বিভাগে ন্যস্ত করা হলে কাজে সমন্বয় তৈরি হবে এবং সেবা গ্রহীতাগণকে অধীকতর সেবা প্রদান করা সম্ভব হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পরিচালক (প্রশাসন) কে আহবায়ক করে ০৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | খুলনাস্থ পোটর্ ডিউজ শাখাটি হারবার এন্ড কঞ্জারভেন্সী বিভাগে ন্যস্ত করার বিষয়ে নিম্মোক্ত কমিটি গঠন করা হলো।<br>১। পরিচালক (প্রশাসন) – আহবায়ক।<br>২। হারবার মাস্টার- সদস্য।<br>৩। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা- সদস্য এবং<br>৪। পরিচালক (ট্রাফিক)- সদস্য।<br>গঠিত কমিটি সুপারিশসহ প্রতিবেদন দাখিল করবেন। | পরিচালক (প্রশাসন) |
| ৩৩. | শুদ্ধাচার পুরস্কার প্রদান | ১৩/০৭/২০২০ | শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য পরিচালক (প্রশাসন) জানান যে, গত ০৭/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটির সভায় জনাব মোঃ মাসুম বিল্লাহ, সহকারী ব্যবস্থাপক (ওএন্ডএম) এবং জনাব আরমান রশিদ সানী, উচ্চমান সহকারী, মবক-কে শুদ্ধাচার পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়। তাদেরকে পুরস্কার হিসেবে একটি সনদ, একটি ক্রেস্ট এবং একমাসের মূল বেতনের সমপরিমান অর্থ প্রদান করা হয়েছে। এক্ষেত্রে সততা, নৈতিকতা, দক্ষতা বিবেচনা করে পুরস্কারের জন্য মনোনীত করা হয়েছে এবং অন্য সহকর্মীদের ক্ষেত্রে এ পুরস্কার ভালো কাজের উদ্দীপনা তৈরি করবে মর্মে সভাপতি মহোদয় প্রত্যাশা ব্যক্ত করেন। | | |

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে আসন্ন ঈদ-উল-আযহার শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ঈদের নামাজ আদায়, পরিবেশ দূষণমুক্ত রেখে আবাসিক এলাকার বাইরে রাস্তার পার্শ্বে কুরবানীর পশু জবাই ও নিরাপদ দূরত্ব বজায় রেখে গোশত বিতরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ২৭-০৭-২০২০
রিয়ার এডমিরাল এম শাহজাহান, বিএন
চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).২০- ১০১৬

২৮ জুলাই ২০২০ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ প্রধান:

.............................................................. মবক, মোংলা।

অনুলিপি:

১। সদস্য ( ), মবক, মোংলা।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

২৮/৭/২০

পরিচালক (প্রশাসন)